

নবম ও দশম শ্রেণি**বাংলা ১ম পত্র****জীবন সঙ্গীত****জ্ঞানমূলকঃ**

১. কবি কোথায় যুদ্ধ করতে বলেছেন?
২. এ জগতে কী দুর্লভ?
৩. জীবনকে কীসের স্বপ্ন বলা হয়েছে?
৪. আমাদের জীবন কীসের মত ক্ষণস্থায়ী?
৫. কী অনিত্য নয়?
৬. জীবাত্মা কী?
৭. কীসে কোন মুক্তি নেই?
৮. 'জীবন-সঙ্গীত' কবিতাটি কোন কবিতার ভাবানুবাদ?
৯. জীবনের উদ্দেশ্য কী নয়?
১০. 'ধ্বজা' শব্দের অর্থ কী?
১১. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্বদেশপ্রেমের অনুপ্রেরণায় কোন মহাকাব্য রচনা করেন?
১২. কবি কী দেখে ভুলতে নিষেধ করেছেন?
১৩. 'প্রাতঃস্মরণীয়' অর্থ কী?
১৪. কোথায় পদাঙ্ক অঙ্কন করে আমরা অমর হব?
১৫. 'দারা' শব্দের অর্থ কী?

১. (i) আসবে পথে আঁধার নেমে

তাই বলে কি রইবে থেমে?

বারে বারে জ্বালবি বাতি

হয়তো বাতি জ্বলবে না,

তাই বলে তো ভীরুর মতো

বসে থাকলে চলবে না।

(ii) সময়ের মূল্য বুঝে করে যারা কাজ

তারা আজ স্মরণীয় জগতের মাঝে

ক) 'জীবন-সঙ্গীত' কবিতা কোন কবিতার ভাবানুবাদ?

খ) সংসারকে সমরাঙ্গন বলার কারণ কী? ব্যাখ্যা করো।

গ) উদ্দীপক (i) 'জীবন-সঙ্গীত' কবিতার কোন অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো।

ঘ) 'জগতের মাঝে স্মরণীয় হতে হলে প্রাতঃস্মরণীয়দের অনুসরণ করতে হবে'- উদ্দীপক (ii) ও 'জীবন-সঙ্গীত' কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো।